দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৫৬

তারিখ 09 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 6

129

# স্কুলে ভর্তি: ১০টি সিটের জন্য ২৫০ জন প্রার্থী

(স্টাফ রিপোর্টার)

রাজধানীর স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা চলছে। গত কয়েক বছরের মধ্যে এবার ভর্তির চাপ প্রচন্ড।

ইতিমধ্যেই বেশ কয়েকটি স্কুলে ভর্তি পরীক্ষা শেষ হয়েছে। আজ গবর্নমেন্ট ল্যাবরেটরী স্কুল, ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল, মতিঝিল আইডিয়াল হাই স্কুলসহ কয়েকটি স্কুলের ভর্তি পরীক্ষা নেয়া হবে।

(৩-এর পৃঃ দ্রঃ)

## স্কুলে ভর্তি

(১-এর পৃঃ পর)

গবর্নমেন্ট ল্যাবরেটরী স্কুলের প্রথম শ্রেণীতে ৮০টি সিটের জন্য আজ ১১শ ছাত্র ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে। এ স্কুলের ষষ্ঠ শ্রেণীর ৪৫টি সিটের জন্য প্রার্থী হয়েছে ৬শ এবং নবম শ্রেণীর ১০টি সিটের জন্য প্রার্থী সংখ্যা ২৫০।

ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুলের ৭০টি সিটের জন্য প্রার্থী সংখ্যা ৫শ। আজ ভর্তি পরীক্ষা নেয়া হচ্ছে।

ভিকারুন্নেছা গার্লস স্কুলে প্রথম শ্রেণীর মর্নিং শিফটের পরীক্ষা শেষে রেজাল্ট দেয়া হয়েছে অন্যান্য ক্লাশের পরীক্ষা চলছে। এছাড়া উদয়ন স্কুল, অগ্রণী স্কুলের ভর্তি পরীক্ষা শেষ হয়েছে।